

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট এর কার্যালয়, কুমিল্লা।
(প্রশাসনিক শাখা)
www.cumilla.judiciary.gov.bd

আদেশ নং-৪৪/২০২৬

তারিখঃ ১৬ চৈত্র, ১৪৩২ বঙ্গাব্দ
৩০/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লায় কর্মরত কর্মচারীদের সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ এর বিধানসমূহের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, উক্ত বিধিমালায় অধীন নিম্নলিখিত বিষয়সমূহ অফিস শৃঙ্খলা পরিপন্থী ও শাস্তিযোগ্য অপরাধ:

- (ক) বিনা অনুমতিতে কর্মে অনুপস্থিতি;
- (খ) বিনা অনুমতিতে অফিস ত্যাগ;
- (গ) বিলম্বে অফিসে উপস্থিতি।

০২। এমতাবস্থায়, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লায় কর্মরত কর্মচারীদের দাপ্তরিক শৃঙ্খলা সমুন্নত রাখা ও প্রশাসনিক ও বিচারিক কার্যক্রম অরো গতিশীল করার লক্ষ্যে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো:

- (ক) সকল কর্মচারীকে কর্মদিবসে সকাল ৯.০০ মিনিটের মধ্যে নিজ নিজ দপ্তরে উপস্থিত থাকতে হবে;
- (খ) অফিস সময় শেষ হওয়ার পূর্বে কেউ নিজ দপ্তর ত্যাগ করবে না;

(গ) অফিস চলাকালীন দাপ্তরিক বা জরুরি প্রয়োজনে কর্মচারীগণকে নিজ আদালত/অনুবিভাগের প্রধান এর অনুমতি গ্রহণ পূর্বক সরকারী কর্মচারী (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ অনুসরণ করে অফিস ত্যাগ করতে হবে;

(ঘ) সকল কর্মচারীকে আবশ্যিকভাবে প্রতি কার্য দিবসে অফিসে উপস্থিত হওয়ার সময় এবং অফিস ত্যাগ করার সময় জুডিসিয়াল মুন্সিখানার সামনে রক্ষিত Biometric Attendance ডিভাইস ব্যবহার করে হাজিরা প্রদানের নির্দেশ প্রদান করা হলো।

০৩। অনুচ্ছেদ ০২-এর ব্যত্যয় ঘটিয়ে কোন কর্মচারী বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত, অফিস ত্যাগ, বিলম্বে অফিসে উপস্থিত হলে তার বিরুদ্ধে সরকারী কর্মচারী শৃঙ্খলা (নিয়মিত উপস্থিতি) বিধিমালা, ২০১৯ ও সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

এই আদেশ ০১/০৪/২০২৬ খ্রিস্টাব্দ হতে কার্যকর হবে। সংশ্লিষ্ট সকলকে অবগত করানো হোক।

স্বাঃ/-

(কামরুল হাসান)
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
কুমিল্লা।

স্মারক নং- সিজিএম/কুম- (২০)/২০২৬/প্র:শা:

তারিখঃ ৩০/০৩/২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

১। মাননীয় জেলা ও দায়রা জজ, কুমিল্লা।

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

১। অতিরিক্ত চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, কুমিল্লা।

২। সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১/২/৩/৪/৫, কুমিল্লা।

৩। জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১/২/৩/৪/৫/৬, কুমিল্লা।

৪। ভারপ্রাপ্ত ম্যাজিস্ট্রেট, নেজারত/হিসাব/অনুলিপি/রেকর্ডরুম/লাইব্রেরী/ফরমস ও স্টেশনারী বিভাগ,

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, কুমিল্লা।

৫। প্রশাসনিক কর্মকর্তা/নোটিশ বোর্ড/অফিস কপি।

(কামরুল হাসান)

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
কুমিল্লা।